

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৪২৮ ৩৯/ সালাম (كتاب السلام)

পরিচ্ছেদঃ ৩৯/১৮. বিষ

السم

## আরবী

حديث أُمِّ قَيْسٍ بِنْتِ مِحْصَنِ، أَنَّهَا أَتَتْ بِإبْنِ لَهَا صَغِيرٍ، لَمْ يَأْكُلِ الطَّعَامَ، إِلَى رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حِجْرِهِ، فَبَالَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حِجْرِهِ، فَبَالَ عَلَى ثَوْبِهِ، فَدَعَا بِمَاءٍ فَنَضَحَهُ وَلَمْ يَغْسِلْهُ

## বাংলা

১৪২৮. উম্মু কায়স বিনত মিহসান (রাঃ) হতে বর্ণিত। তিনি তাঁর এমন একটি ছোট ছেলেকে নিয়ে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এলেন যে তখনো খাবার খেতে শিখেনি। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শিশুটিকে তাঁর কোলে বসালেন। তখন সে তার কাপড়ে পেশাব করে দিল। তিনি পানি আনিয়ে এর উপর ছিটিয়ে দিলেন এবং তা ধৌত করলেন না।

## ফুটনোট

পেশাব অপবিত্র। তবে পেশার লেগে যাওয়া বস্তুকে পবিত্র করার পদ্ধতি দু রকম। এক. প্রাপ্ত বয়স্ক ব্যক্তি অথবা দুগ্ধপোষ্য মেয়ে হলে তার পেশাব অবশ্যই ধুয়ে ফেলতে হবে। দুই, যদি দুগ্ধপোষ্য ছেলে হয় তবে পানির ছিটা দিলে তা পবিত্র হয়ে যাবে।

সহীহুল বুখারী, পর্ব ৪ : উযু, অধ্যায় ৫৯, হাঃ ২২৩; মুসলিম, পর্ব ৩৯ সালাম, অধ্যায় ২৮, হাঃ ২২১৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উম্মু কায়স বিনত মিহসান (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন